দৈনিক বাংলা 26

তারিখ ... 17 FEB 1990
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 2 ...

# ফেনীতে ২১ হাজার প্রাথমিক শিক্ষার্থী এখনো বই পায়নি

(নিজস্ব সংবাদদাতা)

ফেনী, ১৬ই ফেব্রুয়ারী।– বর্তমান শিক্ষা বর্ষের ২মাস গত হলেও ফেনী জেলার প্রাথমিক স্কুলের ২১ হাজার ছাত্রছাত্রীর হাতে বিনা মূল্যের পাঠ্য বই এখনো পৌছেনি। ফলে বইয়ের অভাবে শিক্ষা জীবনের শুরুতেই অনেক শিশু শিক্ষাবিমুখ হয়ে পড়ছে।

ফেনী জেলায় বর্তমানে ৪শ ১৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ৫৪ টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব স্কুলের প্রথম শ্রেনী থেকে ৫ম শ্রেনী পর্যন্ত মোট ছাত্রছাত্রীর সংখ্যা ১লাখ ৯০ হাজার। তাদের জন্যে সমপরিমাণ সেট বইয়ের প্রয়োজন হলেও বই এসেছে ১লাখ ৬৮ হাজার ৬শ' সেট। এ পরিমান বই মোট ছাত্র-ছাত্রীর তুলনায় ২১ হাজার সেট কম। ফলে অনেক স্কুলেই প্রয়োজনের তুলনায় কম বই বিতরণ করা হয়েছে।

এদিকে অনেক অভিভাবক অভিযোগ করেছেন বইয়ের অভাবে তাদের সন্তানদের পড়ার টেবিলে বসাতে পারছেন না। অনেক শিশু ছাত্রছাত্রী স্কুলে যাওয়ার উৎসাহ হারিয়ে ফেলছে।

এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করা হলে তারা বইয়ের অভাবের কথা স্বীকার করেন এবং আরো বই সরবরাহের জন্য কর্তৃপক্ষকে জানিয়েছেন বলে জানান।